

২৫/০৭/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কালিহাতি, টাঙ্গাইল।
usso.kalihati@dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৯৩৪৭.০০০.১৬.০৮৯.২০২২ ২৪৩

তারিখ: ২৩/০৭/২০২৩ খ্রি.

বিষয়: ২০২৩-২৪ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৯.২২.৫৭৭ তারিখ: ১৬/০৭/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থবছরে প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত প্রতিবন্ধী ব্যক্তির নিকট হতে আবেদন গ্রহণের নির্দেশনা দেওয়া হয়েছে।

১। আগামী ০১ আগস্ট, ২০২৩খ্রি. তারিখ হতে অনলাইনে mis.bhata.gov.bd/onlineApplication লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে। তার পূর্বে ভাতার আবেদন গ্রহণের বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় প্রচার-প্রচারনার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ জানানো হলো।

২। আবেদনকারীর অবশ্যই প্রতিবন্ধী শনাক্তকরণ পরিচয়পত্র থাকতে হবে। যাদের প্রতিবন্ধী পরিচয়পত্র নেই তাদেরকে উপজেলা সমাজসেবা অফিস, কালিহাতি, টাঙ্গাইল হতে প্রতিবন্ধী জরিপ সম্পন্ন করে প্রতিবন্ধী পরিচয়পত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

৩। প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির জন্য আবেদনের সময় ব্যবহৃত মোবাইল নম্বরটিতে অবশ্যই নগদ হিসাব চালু থাকতে হবে। অন্যথায় আবেদন গ্রহণ করা যাবে না এবং অবশ্যই সংশ্লিষ্ট আবেদনকারী প্রতিবন্ধী ব্যক্তির নিজ অথবা তার পরিবারের হতে হবে এবং মোবাইল নম্বরটি অন্য কোন ভাতায় সংযুক্ত নয় মর্মে নিশ্চিত হতে হবে।

এমতাবস্থায়, প্রতিবন্ধী আইডি কার্ডধারী যে সকল প্রতিবন্ধী ব্যক্তি ভাতার আওতাভুক্ত হয়নি তাদের ০১ আগস্ট, ২০২৩খ্রি. তারিখ হতে mis.bhata.gov.bd/onlineApplication এই লিংকে আবেদন করার জন্য এবং আবেদনে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মেয়র/চেয়ারম্যান

.....পৌরসভা/ইউনিয়ন
কালিহাতি, টাঙ্গাইল।

২৫/০৭/২৩

(মোঃ জসিম উদ্দিন)

উপজেলা সমাজসেবা অফিসার
কালিহাতি, টাঙ্গাইল।

সদয় জ্ঞাতার্থে:-

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩৩ টাঙ্গাইল- ০৪, কালিহাতি।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাঙ্গাইল।
- ৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৬। উদ্যোক্তা, পৌরসভা/ইউনিয়ন (সকল)- আবেদনে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। অফিস কপি।